



🏠 মূল পাতা

📧 যোগাযোগ

🔒 লগ-ইন করুন

👤 নিবন্ধিত হোন

ঢাকা, বুধবার, ১৮ জুন ২০০৮, ৪ আঘাত ১৪১৫, ১৩ জমাদিউস সানি ১৪২৯
বর্ষ ১০, সংখ্যা ২২১, আপডেট: বাংলাদেশ রাত ২টা ১৫ মিনিট

📄 এ সংখ্যায় থাকছে

- ▶ প্রথম পাতা
- ▶ শেষ পাতা
- ▶ সম্পাদকীয়/উপসম্পাদকীয়
- ▶ খোলা কলম
- ▶ সারা দেশ
- ▶ বিশাল বাংলা
- ▶ সারা বিশ্ব
- ▶ খেলাধুলা
- ▶ বিনোদন
- ▶ পড়াশোনা
- ▶ কম্পিউটার প্রতিদিন
- ▶ অর্থ ও বাণিজ্য
- ▶ মহানগর
- ▶ পাঠকের কলম

🗨️ ফিচার পাতা

- ▶ নারীমঞ্চ

শেষ পাতা

➕ সংবাদ শিরোনাম

◀ আগের সংবাদ

▶ পরের সংবাদ

প্রতিদিন ভারতে পাচার হয় ৫০ নারী, অধিকাংশ বাধ্য হচ্ছে দেহব্যবসায় তদন্ত সেলের উদ্বোধনী অনুষ্ঠানে সুরাষ্ট্র উপদেষ্টা

নিজস্ব প্রতিবেদক

দেশের সীমান্ত এলাকায় প্রতিদিন পাচারকারীদের হাতে গড়ে ৫০ জন নারী বিক্রি হয়ে যাচ্ছে। এদের শেষ আশ্রয় হচ্ছে ভারতের কলকাতা ও মুম্বাইয়ের পতিতাপল্লী। বর্তমানে চার লাখ নারী ভারতে ও ৪০ হাজার মেয়েশিশু পাকিস্তানের পতিতাপল্লীতে দেহব্যবসা করতে বাধ্য হচ্ছে বলে খবর প্রকাশিত হয়েছে। গতকাল মঙ্গলবার মানব পাচারবিষয়ক পুলিশের একটি নতুন তদন্ত সেলের উদ্বোধন করতে গিয়ে সুরাষ্ট্র উপদেষ্টা মেজর জেনারেল (অব.) এম এ মতিন এ তথ্য জানান। তিনি বলেন, এ সংক্রান্ত যেসব খবর প্রকাশিত হয়েছে তাতে দেখা গেছে, নারীর পাশাপাশি আরও তিন লাখ বালকও পাচারের শিকার হয়েছে।

মানব পাচারের এসব ঘটনা এত দিন বিভিন্ন থানার পুলিশ নিজের মতো করে তদন্ত করত। এখন থেকে কেন্দ্রীয়ভাবে এসব তদন্ত তদারক করা হবে। গতকাল রাজধানীর হোটেল রেডিসনে আয়োজিত অনুষ্ঠানের মাধ্যমে এ সেলের যাত্রা শুরু হয়। পুলিশ সংস্কার কর্মসূচির (পিআরপি) সহায়তায় এবং ইউরোপীয় কমিশনের অর্থায়নে পুলিশের এই বিশেষায়িত দলটি গড়ে তোলা হয়েছে। পুলিশের অপরাধ তদন্ত বিভাগের (সিআইডি) অতিরিক্ত উপমহাপরিদর্শক আব্দুল জলিলের নেতৃত্বে প্রাথমিকভাবে ১২ সদস্যের একটি দল এ কাজ করবে। আপাতত সিআইডির প্রধান কার্যালয়ে ইউনিটের দপ্তর স্থাপন করা হয়েছে। বিভিন্ন আধুনিক সরঞ্জামও কেনা হয়েছে দলটির জন্য। পরে প্রয়োজন অনুযায়ী ইউনিটের সদস্য বাড়ানো হবে। ইউরোপীয় কমিশন ইতিমধ্যে সাজসরঞ্জামের জন্য ২০ লাখ ইউরো (প্রায় ২১ কোটি টাকা) দিয়েছে। অনুষ্ঠানে মানব পাচার রোধে জনসচেতনতা বাড়ানোর জন্য তৈরি করা একটি মিউজিক ভিডিও এবং দুটি প্রামাণ্যচিত্রও আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়। পুলিশের অপরাধ তদন্ত বিভাগ-সিআইডি থেকে সেলটির কার্যক্রম নিয়ন্ত্রিত হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দিতে গিয়ে সুরাষ্ট্র উপদেষ্টা বলেন,

বাংলাদেশি নারী-পুরুষ

▶ বন্ধুসভা

▶ স্বাস্থ্যকুশল

⊗ আরো যা আছে

⊗ সকল ফিচার পাতা

⊗ পুরনো সংখ্যা

⊗ আমাদের কথা

⊗ বাংলা না এলে

এ পর্যন্ত পড়েছেন

৩৩৪৭৯৭

জন পাঠক

✖

✖

সবচেয়ে বেশি পাচার হচ্ছে ভারতে। ভারতের সঙ্গে বাংলাদেশের ২৮টি জেলার মোট চার হাজার ২২২ কিলোমিটার সীমান্ত রয়েছে এবং এর অধিকাংশই অরক্ষিত। এসব সীমান্ত দিয়ে প্রতিনিয়ত পাচারের ঘটনা ঘটছে। পাচারের শিকার নারীদের ৯০ শতাংশকেই পতিতাবৃত্তিতে বাধ্য করা হয়।

পাচারের সংখ্যা তুলে ধরে উপদেষ্টা বলেন, বাংলাদেশ থেকে নারী ও শিশু পাচারের সঙ্গে দুই দেশে শক্তিশালী চক্র গড়ে উঠেছে, যারা নারীদের পাচারের পর পতিতাবৃত্তিতে বিক্রি করে দিচ্ছে। তিনি বলেন, পাচারের সময় অনেক নারী হয় পাচারকারী, নয় দুই দেশের রক্ষীদের হাতে ধর্ষিত হচ্ছে। ২০০০ থেকে ২০০৩ সালের মধ্যে প্রায় আড়াই হাজার শিশু পাচার হয়েছে বলে খবর প্রকাশিত হয়েছে। তিনি বলেন, এশিয়ার মধ্যে সবচেয়ে বেশি মানুষ অভিবাসী হয় বাংলাদেশ থেকে। আর বাংলাদেশ থেকে সবচেয়ে বেশি মানুষ পাচার হয় ভারতে। এ ছাড়া মধ্যপ্রাচ্যসহ দক্ষিণ এশিয়ার অনেক দেশেই মানুষ পাচার হচ্ছে। মানুষ পাচারের জন্য ভারতের পশ্চিমবঙ্গ ও আসাম রাজ্যের সীমান্তবর্তী জেলাগুলোতে সংঘবদ্ধ চক্র গড়ে উঠেছে।

শিশু পাচারের কথা উল্লেখ করে এম এ মতিন বলেন, শিশু পাচারকারী চক্রের প্রধান লক্ষ্য পথশিশু। এসব শিশুর মধ্যে ছেলেদের তারা মধ্যপ্রাচ্যে উটের জকি হিসেবে ব্যবহারের জন্য বিক্রি করে দিচ্ছে। আর মেয়েশিশুদের বিক্রি করছে ভারত ও পাকিস্তানে। যুক্তরাষ্ট্রের একটি অনুসন্ধান দলের তথ্য উল্লেখ করে উপদেষ্টা বলেন, বাংলাদেশে কিডনি চোরাই চক্র রয়েছে বলেও তারা জানিয়েছিল।

পুলিশের মহাপরিদর্শক নূর মোহাম্মদ বলেন, বিশেষায়িত এ দলটি কাজ শুরু করলে আসামিদের পার পাওয়ার সুযোগ অনেক কমে যাবে।

পুলিশের অতিরিক্ত মহাপরিদর্শক নববিক্রম কিশোর ত্রিপুরা বলেন, শুধু বাংলাদেশ নয়, দক্ষিণ এশিয়ার সব দেশেই মানব পাচারের ঘটনা ঘটছে।

গতকাল সেলটির কার্যক্রম উদ্বোধনের সময় এর বিস্তারিত কর্মকাণ্ড তুলে ধরেন সেলের প্রধান আব্দুল জলিল।

অনুষ্ঠানে এ ছাড়া ইউএনডিপি প্রকল্প ব্যবস্থাপক হুবার্ট স্ট্যাবের হুফার ও জাতীয় মহিলা আইনজীবী সমিতির নির্বাহী পরিচালক অ্যাডভোকেট সালমা আলী এবং ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধি জন জ্যাক বক্তব্য দেন।

+ সংবাদ শিরোনাম

🖨️ প্রিন্ট করুন

? বাংলা না এলে

Home | About Us | Feedback | Contact

Best viewed at 1024 x 768 pixels and IE 5.5 & 6

Editor : Matiur Rahman, Published by : Mahfuz Anam, 52 Motijheel C/A , Dhaka-1000.
News, Editorial and Commercial Office: CA Bhaban, 100 Kazi Nazrul Islam Avenue, Karwan Bazar, Dhaka-1215.
Phone: (PABX) 8802-8110081, 8802-8115307-10, Fax: 8802-9130496, E-mail : info@prothom-alo.com

Copyright 2005, All rights reserved by Prothom-Alo.com
Privacy Policy | Terms & Conditions